# Times Today BD

দেওয়ান গিয়াস উদ্দিন। সিলেট। 19 May, 2025

সুনামগঞ্জে বিভিন্ন সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানের সেবাগ্রহিতাদের নিয়ে দুর্নীতি দমন কমিশনের (দুদক) উদ্যোগে গণশুনানি অনুষ্ঠিত হয়েছে।

আজ সোমবার সকাল ১০ টায়  জেলা শিল্পকলা একাডেমির হাছন রাজা মিলনায়তনে বিকাল পর্যন্ত  এই গণশুনানি হয়।

গণশুনানিতে প্রধান অতিথি ছিলেন দুর্নীতি দমন কমিশনের (দুদক) কমিশনার (অনুসন্ধান) ব্রিগেডিয়ার জেনারেরে (অব.) হাফিজ আহসান ফরিদ।

সুনামগঞ্জের জেলা প্রশাসক মোহাম্মদ ইলিয়াস মিয়ার সভাপতিত্বে আলোচনা পর্বে বিশেষ অতিথির বক্তব্য রাখেন, দুদকের মহাপরিচালক (প্রতিরোধ) মো. আক্তার হোসেন।এছাড়াও সুনামগঞ্জের পুলিশ সুপার তোফায়েল আহাম্মেদ, দুদকের সিলেট সমন্বিত কার্যালয়ের ভারপ্রাপ্ত পরিচালক রাফি নাজমুস সাদাত, জেলা দুর্নীতি প্রতিরোধ কমিটির (দুপ্রক) সভাপতি অধ্যাপক সৈয়দ মহিবুল ইসলাম।

প্রধান অতিথির বক্তব্যে হাফিজ আহসান ফরিদ বলেন,  দুর্নীতি শোষণের হাতিয়ার, এর শিকার হচ্ছে সাধারণ মানুষ।দুর্নীতি এখন আর শুধু জনপ্রতিনিধি, নেতা, সরকারি কর্মকর্তার মধ্যে নেই, এটা সাধারণ মানুষের মধ্যে ছড়িয়ে পড়েছে।দুর্নীতি দেশটার কি পরিমাণ ক্ষতি করেছে সেটি ২০২৪-এ বোঝা গেছে।সব শেষ করে দিয়েছে।সব শোষণ করে নিয়ে গেছে।

তিনি কাউকে ঘুষ না দেওয়ার অনুরোধ জানিয়ে বলেন, যারা ঘুষ খায়, তারা অমানুষ। তার

নিজের পরিবার, আত্মীয়স্বজনকে অসম্মান করছে। ঘুষ দেবেন না, চিৎকার করুন, প্রতিবাদ করুন।সবাই কথা বললে এই অবস্থার পরিবর্তন আসবে।এক সময় দুদকের আর দরকার হবে না।

পরে জেলা প্রশাসক মোহাম্মদ ইলিয়াস মিয়ার সঞ্চালনায় গণশুনানিতে সেবাপ্রার্থীরা জেলা সদর হাসপাতাল, পৌরসভা, বিদুৎ, প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার কার্যালয়, পুলিশ বিভাগ, নির্বাচন কার্যালয়, বিআরটিএ, সাবরেজিস্টার কার্যালয়, পানি উন্নয়ন বোর্ড, পাসপোর্ট, জেলা কারাগার, এলজিইডি, ভূমি, প্রাণিসম্পদ কার্যালয়, বিটিসিএল,সম সেটেলমেন্ট কার্যালয়সহ বিভিন্ন বিভাগের অনিয়ম ও দুর্নীতি এবং সেবা নিতে গিয়ে হয়রানি ও ভোগান্তির শিকার লোকজন অভিযোগ তুলে ধরেন এবং বিষয়ে সংশ্লিষ্ট কর্মকর্তারা জবাব ও এ বিষয়ে প্রয়োজনীয় করণীয় সম্পর্কে বক্তব্য রাখেন। সবচেয়ে বেশি অভিযোগ পড়ে ভূমি বিষয়ক।

দুদক

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 11:04

URL: https://www.timestodaybd.com/sylhet/2692292765